কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(সবজি বীজ বিভাগ)
www.bsdc.gov.bd

স্মারক নং ১২.০৬.০০০০.২৮১.৩৭.০০১.২০২৪. ৭৮৪ তারিখঃ ২৫মে ২০২৫।

বিষয়ঃ ২০২৪-২৫ উৎপাদন বর্ষে সবজি বীজ বিভাগের মাধ্যমে শীতকালীন ভিত্তি ও মানঘোষিত শ্রেণির সবজি বীজ সংগ্রহ কর্মসূচি।
সূত্র: সবজি বীজ বিভাগের স্মারক নং ১২.০৬.০০০০.২৮১.৩৭.০০১.২৪.১৮৭; তারিখ ১২ সেপ্টেম্বর ২০২৫।

সবজি বীজ বিভাগের আওতায় ২০২৪-২৫ উৎপাদন বর্ষে রংপুর ও মেহেরপুর সবজি বীজ উৎপাদন খামার এবং ক: গ্রো: জোনে মোট ৩৫৬.৮০ একর জমিতে ১০৩.১১৯ মে.টন শীতকালীন সবজি বীজ উৎপাদন কর্মসূচি জারি করা হয়। মাঠ পরিদর্শন কমিটির প্রতিবেদন ও সারাদেশে সবজি বীজের চাহিদার নিরিখে সবজি বীজ উৎপাদন খামার ও ক: গ্রো: জোনসমূহে মানসম্পন্ন সবজি বীজের প্রাপ্যতার ভিত্তিতে ২০২৪-২৫ উৎপাদন বর্ষে শীতকালীন সবজি বীজের সংগ্রহ লক্ষ্যমাত্রা নিম্নবর্ণিতভাবে নির্ধারণ করা হলো।

| ২০২৪-২৫ বর্ষে শীতকালীন সবজি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা | | | | |
|---|---|---|---|---|
| বিভাগের নাম | খামার/কঃগ্রোঃ জোনের নাম | বীজের শ্রেণি | জমি (একর) | সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে.টন) |
| সবজি বীজ বিভাগ | সবজি বীজ উৎপাদন খামার | ভিত্তি বীজ | ৫৬.৮০ | ২০.৮৭৭ |
| | চুক্তিবদ্ধ চাষি জোন | মানঘোষিত বীজ | ৩০০.০০ | ৮২.২৪২ |
| মোট | | | ৩৫৬.৮০ | ১০৩.১১৯ |

বি. দ্র. জাতওয়ারি শীতকালীন সবজি বীজের সংগ্রহ লক্ষ্যমাত্রা পরিশিষ্ট 'ক' ও 'খ' তে দেয়া হলো।

১। শীতকালীন সবজি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণে বিবেচ্য বিষয় সমূহঃ
 ক) বিভিন্ন জাতের সবজি বীজের সম্ভাব্য বীজ প্রাপ্তির পরিমাণ।
 খ) ফসলের মাঠ পরিদর্শন কমিটির প্রতিবেদন।
 গ) সংশ্লিষ্ট সবজি বীজ উৎপাদন খামার/কঃগ্রোঃ জোন কর্তৃক ঘোষণাকৃত বীজ প্লট।

২। বীজ সংগ্রহকালে বীজের নিম্নবর্ণিত গুণাবলি নিশ্চিত করে বীজ সংগ্রহ করতে হবে।
 ক) বীজের বিশুদ্ধতা, আর্দ্রতা, অংকুরোদগমক্ষমতা গ্রহণযোগ্য মানের না হলে ঐ বীজ সংগ্রহ করা যাবে না।
 খ) বীজের রং স্বাভাবিক প্রকৃতির অর্থাৎ উজ্জ্বল হতে হবে।
 গ) বীজের আকার uniform হতে হবে।
 ঘ) অন্য জাতের মিশ্রণযুক্ত বীজ সংগ্রহ করা যাবে না।

৩। প্রজনন বীজ হতে উৎপাদিত ভিত্তি মানের বীজ এবং ভিত্তি বীজ হতে উৎপাদিত মানঘোষিত মানের বীজ সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে আলাদাভাবে সংরক্ষণ করতে হবে এবং সংশ্লিষ্ট কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা উক্ত বীজের গুণগত মান অক্ষুন্ন রাখতে প্রয়োজনীয় সকল ব্যবস্থা নিশ্চিত করবেন।

৪। ফসলের মাঠ পরিদর্শন কমিটি কর্তৃক যে সকল প্লট পরিদর্শনের পর গৃহীত হয়েছে, তদানুযায়ী সবজি বীজ খামার ও ক: গ্রো: জোন হতে সবজি বীজ সংগ্রহপূর্বক সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে প্রেরণ করবেন এবং সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের কেন্দ্র প্রধান সংশ্লিষ্ট সবজি বীজ খামার ও ক: গ্রো: জোন এর সবজি বীজ ফসলের মাঠ পরিদর্শন কমিটির প্রতিবেদন অনুযায়ী বীজ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করবেন।

৫। সবজি বীজ খামার ও ক:গ্রো: জোনসমূহের প্রদত্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অতিরিক্ত বীজ উৎপাদিত হলে তা যথাযথভাবে অনুমোদন নিয়ে উত্তোলন করা যেতে পারে।

৬। পরিদর্শন কমিটির চূড়ান্ত প্রতিবেদন অনুযায়ী শুধুমাত্র পরিদর্শিত বীজ প্লট হতে সবজি বীজ সংগ্রহ করতে হবে।

৭। সবজি বীজ সংগ্রহকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিশ্চয়তা বিধান করতে হবে যে, কেবলমাত্র গ্রহণযোগ্য প্লটের বীজ কর্তন, মাড়াই, পরিষ্কারকরণ এবং প্রাথমিকভাবে শুকানোর মত কার্যাদি যথেষ্ট সতর্কতার সাথে সম্পাদন করা হয়েছে। অপরিষ্কার, ধুলাবালিযুক্ত এবং অধিক আর্দ্রতার বীজ সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে প্রেরণ না করার জন্য বলা হলো।

অ.পৃ.দ্র.

৮। বীজ সংগ্রহকালীন "সংগ্রহমান" অনুযায়ী না হলে কোনক্রমেই বীজ সংগ্রহ করা যাবে না। নিম্নমানের বীজ সংগৃহীত হলে কেন্দ্রপ্রধানসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা দায়ী থাকবেন।

৯। বীজ সংগ্রহের পূর্বে অংকুরোদগম ক্ষমতা ও অন্যান্য গুণগতমান পরীক্ষা করতে হবে এবং কেবল মানসম্পন্ন বীজই সংগ্রহ করতে হবে।

১০। সদর দপ্তরের উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে পরিদর্শন কমিটি কর্তৃক গৃহীত ফসলের মাঠ ব্যতীত অন্য কোন উৎস হতে প্রাপ্ত বীজ, সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে গ্রহণের জন্য বিবেচিত হবে না। বীজ প্রেরণের সময় প্রেরণকারী দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক চালানে অবশ্যই স্বাক্ষর ও প্রতিস্বাক্ষর থাকতে হবে।

১১। বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে প্রেরিত বীজ নির্ধারিত সংগ্রহমান অনুযায়ী বীজের বিশুদ্ধতা, আর্দ্রতা, রং, আকার, অন্য জাতের মিশ্রণযুক্ত বীজ ইত্যাদি গ্রহণযোগ্য না হলে অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা ব্যতিরেকে সংগে সংগেই তা সংশ্লিষ্ট প্রেরকের নিকট ফেরৎ পাঠাতে হবে। চালানের অপর পৃষ্ঠায় ফেরতের সুস্পষ্ট ও সুনির্দিষ্ট কারণ সংরক্ষণকারী কেন্দ্রকে উল্লেখ করতে হবে।

১২। সবজি বীজ খামার ও কঃ গ্রোঃ জোন এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট হতে বীজ গ্রহণের পর বীজের পরিমাণ উল্লেখপূর্বক প্রাপ্তি স্বীকারোক্তি চালান প্রেরককে প্রদান করতে হবে।

১৩। প্রাথমিকভাবে গৃহীত সবজি বীজের অংকুরোদগম ক্ষমতা নির্ধারিত সংগ্রহ মানের না হলে প্রাপ্ত ফলাফল উল্লেখপূর্বক সর্বাধিক ২১ (একুশ) দিনের মধ্যে সরবরাহকারীর নিকট বীজ ফেরৎ পাঠাতে হবে। এই সময় সীমার মধ্যে বীজ ফেরৎ পাঠাতে ব্যর্থ হলে বা ফলাফল জানানো না হলে উক্ত বীজ চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

১৪। সবজি বীজ প্রক্রিয়াজাতকরন কেন্দ্র, মিরপুর, ঢাকা এর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা বীজ সংগ্রহের পর বীজের গুণাগুণ ও গুণগতমান বজায় রাখার জন্য দায়ী থাকবেন।

১৫। বীজের চালানে বীজের নাম, জাত, শ্রেণি, উৎপাদন বর্ষ, পরিমাণ, লট নং, কেন্দ্রের নাম, অংকুরোদগম ক্ষমতাসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখপূর্বক বীজ বিপণন কেন্দ্রে সরবরাহ করতে হবে।

১৬। সবজি বীজ সংগ্রহের ব্যাপারে উৎপাদন ও সংরক্ষণ কেন্দ্রের কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে উদ্যোগ নিবেন ও বীজ সংগ্রহ কাজ নিয়মিত মনিটরিং করবেন। বীজ সংগ্রহ, সংরক্ষণ ও গুণগতমান অক্ষুন্ন রাখার জন্য প্রত্যেকটি প্রযুক্তিগত ধাপ সতর্কতার সাথে প্রতিপালন করতে হবে।

১৭। বীজ আইন ২০১৮, বীজ বিধিমালা ২০২০, বীজ উৎপাদন ম্যানুয়েল ও বীজ প্রক্রিয়াজাতকরণ ম্যানুয়েল-এ দেয় নির্দেশনাসমূহ মেনে সবজি বীজ সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।

১৮। লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজের গুণগতমান বজায় রেখে বীজ সংগ্রহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

২৫/৫/২৫
(মো. আবীর হোসেন)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে)

১। উপপরিচালক (সবজি বীজ), সবজি বীজ উৎপাদন খামার, বিএডিসি, রংপুর/মেহেরপুর।
২। উপ পরিচালক (সবজি বীজ), সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি গাবতলী, মিরপুর, ঢাকা।
৩। কম্পিউটার প্রোগামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

৫। মহাব্যবস্থাপক (বীজ/উদ্যান/এএসসি/পাটবীজ), বিএডিসি, ঢাকা।
৬। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা

২৫.০৫.২৫
(মেছবাহউদ্দিন আহমেদ)
যুগ্মপরিচালক (সবজি বীজ)
বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট 'ক'

# ২০২৪-২৫ উৎপাদন বর্ষে শীতকালীন **ভিত্তি শ্রেণির** সবজি বীজের সংগ্রহ লক্ষ্যমাত্রা

| ক্র:নং | ফসলের নাম | জাত | মোট জমির পরিমাণ (একর) | মোট সবজি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে.টন) | সবজি বীজ উৎপাদন খামার, রংপুর | | সবজি বীজ উৎপাদন খামার, মেহেরপুর | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | জমির পরিমাণ (একর) | সবজি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে.টন) | জমির পরিমাণ (একর) | সবজি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে.টন) |
| ১ | টমেটো | পুষারুবী | ০.৫০ | ০.০১০ | ০ | ০ | ০.৫০ | ০.০১০ |
| | | বারি টমেটো-২১ | ১.০০ | ০.০২০ | ১.০০ | ০.০২০ | ০ | ০ |
| | | বিএডিসি চেরি টমেটো-১ | ০.১০ | ০.০০২ | ০.১০ | ০.০০২ | ০ | ০ |
| ২ | বেগুন | বারি বিটি বেগুন-৪ | ২.০০ | ০.২০০ | ১.০০ | ০.১০০ | ১.০০ | ০.১০০ |
| | | উত্তরা | ১.০০ | ০.১০০ | ০ | ০ | ১.০০ | ০.১০০ |
| ৩ | মুলা | বারি মুলা-৩ (দ্রুতি) | ৪.০০ | ১.২০০ | ৪.০০ | ১.২০০ | ০ | ০ |
| ৪ | পালংশাক | কপিপালং | ১২.৫০ | ৬.৮০০ | ৫.৫০ | ৩.৩০০ | ৭.০০ | ৩.৫০০ |
| ৫ | লালশাক | আলতাপেটি | ২.০০ | ০.৩০০ | ২.০০ | ০.৩০০ | ০ | ০ |
| | | বারি লালশাক-১ | ৪.০০ | ১.৮০০ | ০ | ০ | ৪.০০ | ১.৮০০ |
| ৬ | ডাঁটাশাক | বাঁশপাতা | ১.৫০ | ০.৪০০ | ১.৫০ | ০.৪০০ | ০ | ০ |
| ৭ | দেশি সিম | বারি সিম-১ | ১.০০ | ০.৫৫০ | ০ | ০ | ১.০০ | ০.৫৫০ |
| | | বারি সিম-৮ | ১.৫০ | ০.৯০০ | ১.৫০ | ০.৯০০ | ০ | ০ |
| | | বেগুনী সিম (রুপবান) | ০.২০ | ০.০৮০ | ০ | ০ | ০.২০ | ০.০৮০ |
| | | ইপসা-২ | ১.০০ | ০.৫৫০ | ০ | ০ | ১.০০ | ০.৫৫০ |
| | | গোয়ালগাদা | ১.০০ | ০.৪০০ | ০ | ০ | ১.০০ | ০.৪০০ |
| | | বিইউ ৫ | ০.৫০ | ০.২৫০ | ০.৫০ | ০.২৫০ | ০ | ০ |
| ৮ | ঝাড়সিম | বারি ঝাড়সিম-১ | ০.৫০ | ০.২০০ | ০.৫০ | ০.২০০ | ০ | ০ |
| ৯ | মটরশুটি | বারি মটরশুটি-১ | ৩.৫০ | ১.২০০ | ১.৫০ | ০.৬০০ | ২.০০ | ০.৬০০ |
| ১০ | লাউ | ক্ষেতলাউ | ৬.৫০ | ০.৯০০ | ২.৫০ | ০.৩০০ | ৪.০০ | ০.৬০০ |
| | | বারি লাউ-৪ | ২.০০ | ০.৪০০ | ০ | ০ | ২.০০ | ০.৪০০ |
| ১১ | পুঁইশাক | সবুজ | ০.৫০ | ০.০৮০ | ০ | ০ | ০.৫০ | ০.০৮০ |
| ১২ | বাটিশাক | বারি বাটিশাক-১ | ১.৫০ | ০.২৫০ | ১.০০ | ০.১৫০ | ০.৫০ | ০.১০০ |
| ১৩ | কলমিশাক | গিমাকলমি | ৮.০০ | ৪.২৫০ | ৩.০০ | ১.৫০০ | ৫.০০ | ২.৭৫০ |
| ১৪ | মিষ্টিকুমড়া | বারোমাসি | ০.৫০ | ০.০৩৫ | ০.৫০ | ০.০৩৫ | ০ | ০ |
| মোট শীতকালীন ভিত্তি সবজি বীজ | | | ৫৬.৮০ | ২০.৮৭৭ | ২৬.১০ | ৯.২৫৭ | ৩০.৭০০ | ১১.৬২০ |

(মীর সাঈদা আক্তার সীমা)
সি:সহকারী পরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি, ঢাকা

(মেছবাহউদ্দিন আহমেদ)
যুগ্মপরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি, ঢাকা

(মো. আবীর হোসেন)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা

পরিশিষ্ট 'খ'

# ২০২৪-২৫ উৎপাদন বর্ষে শীতকালীন **মানঘোষিত শ্রেণির** সবজি বীজের সংগ্রহ লক্ষ্যমাত্রা

| ক্র:নং | ফসলের নাম | জাত | মোট জমির পরিমাণ (একর) | মোট সবজি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে.টন) | সবজি বীজ ক:গ্রো: জোন, রংপুর | | সবজি বীজ ক: গ্রো: জোন, মেহেরপুর | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | জমির পরিমাণ (একর) | সবজি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে.টন) | জমির পরিমাণ (একর) | সবজি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে.টন) |
| ১ | বেগুন | বারি বিটি বেগুন-৪ | ৩.০০ | ০.৪০০ | ৩.০০ | ০.৪০০ | ০ | ০ |
| ২ | পালংশাক | কপিপালং | ৩০.০০ | ১৮.০০০ | ০ | ০ | ৩০.০০ | ১৮.০০০ |
| ৩ | লালশাক | আলতাপেটি | ৩৫.০০ | ৭.০০০ | ২০.০০ | ৪.০০০ | ১৫.০০ | ৩.০০০ |
| | | বরি লালশাক-১ | ৫০.০০ | ১৮.০০০ | ০ | ০ | ৫০.০০ | ১৮.০০০ |
| ৪ | মুলা | বারি মুলা-৩ (দ্যুতি) | ৮.০০ | ২.০০০ | ৮.০০ | ২.০০০ | ০ | ০ |
| ৫ | দেশী সিম | ইপসা-২ | ৪.০০ | ১.২০০ | ০ | ০ | ৪.০০ | ১.২০০ |
| ৬ | লাউ | ক্ষেতলাউ | ৬৫.০০ | ১১.৫০০ | ৫০.০০ | ১০.০০০ | ১৫.০০ | ১.৫০০ |
| | | বারি লাউ-৪ | ৫০.০০ | ১০.০০০ | ৫০.০০ | ১০.০০০ | ০ | ০ |
| ৭ | পুঁইশাক | সবুজ | ১০.০০ | ১.৫০০ | ০ | ০ | ১০.০০ | ১.৫০০ |
| ৮ | বাটিশাক | বারি বাটিশাক-১ | ৫.০০ | ১.৫০০ | ০ | ০ | ৫.০০ | ১.৫০০ |
| ৯ | মিষ্টিকুমড়া | বারোমাসি | ৫.০০ | ০.২৫০ | ৫.০০ | ০.২৫০ | ০ | ০ |
| ১০ | কলমি | গিমাকলমি | ৩৫.০০ | ১০.৮৯২ | ০ | ০ | ৩৫.০০ | ১০.৮৯২ |
| মোট শীতকালীন মানঘোষিত শেণির সবজি বীজ | | | ৩০০.০০ | ৮২.২৪২ | ১৩৬.০০ | ২৬.৬৫০ | ১৬৪.০০ | ৫৫.৫৯২ |

(মীর সাঈদা আক্তার সীমা)
সি:সহকারী পরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি, ঢাকা

(মেছবাহউদ্দিন আহমেদ)
যুগ্মপরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি, ঢাকা

(মো. আবীর হোসেন)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা